

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫১৮.২০১৭- ২৫৬৫

তারিখঃ ০৩ পৌষ ১৪২৪  
১৭ ডিসেম্বর ২০১৭


বিষয়ঃ রীট পিটিশন নং-১৫৮৫০/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ সাজ্জাদ হোসেন টুটুল, পিতা-মৃত- আব্দুল কাদের সরকার, গ্রাম-  
রহবাল, থানা শিবগঞ্জ, জেলা - বগুড়া - বনাম - সরকার ও অন্যান্য ] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২৯.১১.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৩.১১.২০১৭ তারিখের  
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন দাড়িদহ হাট ও বাজার বাংলা ১৪২৪ সাল এর  
ক্ষতিপূরণ লক্ষ্যে আগামী ০১(এক) বৎসরের জন্য অর্থাৎ বাংলা ১৪২৫ সাল পর্যন্ত হাটের সরকারী গড় মূল্যের ২০% কমে পুনরায়  
ইজারার মেয়াদ বর্ধিত করণের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৭ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা  
হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ ইজারার মেয়াদ বর্ধিত করণের দাবী বিবেচনা না করে আবেদন নিষ্পত্তি করাকে কেন আইনগত  
কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত ৩০ (ত্রিশ) দিনের  
মধ্যে নিষ্পত্তি করতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা  
প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of  
Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে  
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক  
আরোপিত দায়-দায়িত্ব তাঁর দণ্ডের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

জেলা প্রশাসক  
বগুড়া।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।